



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-৩১/০৩/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক বিপুল পরিমান নকল এজিথ্রোমাইসিন ও এ্যামক্সাসিলিন
ঔষধ উদ্ধারসহ ০১ জন আটক



অদ্য ৩১/৩/২০২১ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) নাজমুল ইসলাম, এসআই (নিঃ) তছলিম উদ্দিন, এসআই (নিঃ) আবু ছাইয়ুম তালুকদার এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সের সহায়তায় আরপিএমপি কোতয়ালী থানাধীন পায়রাচত্বর আনোয়ারা মেডিসিন মার্কেট এর নিচ তলায় ফাহিম ফার্মেসীতে অভিযান পরিচালনা করে বিপুল পরিমান নকল এজিথ্রোমাইসিন ও এ্যামক্সাসিলিন ঔষধ উদ্ধার করা হয়। যার অনুমানিক মূল্য ১৮,০০,০০০/- আঠারো লক্ষ টাকা।

উক্ত নকল ঔষধ সরবারহের কারণে ফাহিম ফার্মেসির প্রোপাইটার নাহিদ ইসলাম ফাহিম(২৫), পিতা-মোঃ আব্দুল ওয়ারেস, ওয়ার্ড-২৩, থানা- কোতয়ালী, মহানগর, রংপুর-কে আটক করা হয়।

পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মাহমুদুল হাসান মৃধা ড্রাম্যামান আদালতের মাধ্যমে উক্ত ফার্মেসির প্রোপাইটার নাহিদ ইসলাম ফাহিম(২৫)-কে ১ লক্ষ টাকা জরিমানা ও অনাদায়ে তিন মাস জেল আদেশ দেন এবং সমুদয় ঔষধ জব্দ ও ধংসের আদেশ দেন।

৩১.০৩.২০২১

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১